

‘তারুণ্যের উৎসব ২০২৫’-এর পুরস্কার বিতরণী অনুষ্ঠানে মঞ্চমাতাবেন জনপ্রিয় সঙ্গীতশিল্পী জেমস

নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্য 'এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই' প্রতিপাদ্য নিয়ে সারা দেশব্যাপী উদযাপিত হচ্ছে তারুণ্যের উৎসব ২০২৫। যা চলবে আগামী ১৯ ফেব্রুয়ারী ২০২৫ পর্যন্ত। এই উৎসবের অংশ হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যৌথ উদ্যোগে উদযাপিত হচ্ছে ‘তারুণ্যের উৎসব ২০২৫’। আগামীকাল ১৩ ফেব্রুয়ারী, বিকাল ৪ ঘটিকায় ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে ‘তারুণ্যের উৎসব-২০২৫’-এর পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া।

পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠান শেষে তরুণদের উজ্জীবিত করতে মঞ্চমাতাবেন জনপ্রিয় সঙ্গীত শিল্পী জেমস ও তার ব্যান্ড নগর বাট্টল এবং আর্টসেল।

উক্ত অনুষ্ঠানটি সর্বাধিক প্রচারের লক্ষ্য সকল মিডিয়া সহকর্মীদের অনুরোধ জানাচ্ছি।

স্বাক্ষরিত/-

মোঃ নূর আলম

জনসংযোগ কর্মকর্তা

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

মোবাইল: ০১৭৪৪২৫৯৮৪৩